

সিদ্ধিরগঞ্জে সালিসে ককটেল

ছাত্রলীগ সভাপতিসহ

৫ জনের বিরুদ্ধে

মামলা

নারায়ণগঞ্জ প্রতিনিধি >

নারায়ণগঞ্জের সিদ্ধিরগঞ্জে সালিস বৈঠকে ককটেল হামলার ঘটনায় মামলা দায়ের করা হয়েছে। গতকাল রবিবার সিদ্ধিরগঞ্জের ৩ নম্বর ওয়ার্ড ছাত্রলীগ সভাপতি হাবিবকে প্রধান আসামি করে নূর আলম নামে এক ব্যক্তি এ মামলাটি দায়ের করেন। মামলায় হাবিব ছাড়াও আরো চারজনকে এজাহারভুক্ত ও অজ্ঞাতনামা ১০-১২ জনকে আসামি করা হয়।

স্থানীয় সূত্রে জানা গেছে, ক্রিকেট খেলা নিয়ে দুই পক্ষের মারামারির ঘটনায় শনিবার রাতে সালিস বৈঠক বসে। বিচারে বিবাদী সৌরভ ও রাসেলসহ ছয়জনকে ৩০ হাজার টাকা জরিমানা করা হয়। এতে ফুক হয়ে হাবিবের নেতৃত্বে ছাত্রলীগের লোকজন ৮-১০টি ককটেল বিস্ফোরণ ঘটিয়ে মাতবরদের ওপর হামলা চালায়। এ সময় ছাত্রলীগ কর্মীদের ধরালো অস্ত্রের আঘাতে মাতবর মুছা মিয়া ও আব্দুল কুদ্দুস মোম্বাসহ পাঁচজন আহত হন। পরে গুরুতর আহত মুছা মিয়াকে নারায়ণগঞ্জ শহরের খানপুরে ৩০০ শয্যাবিশিষ্ট হাসপাতালে পাঠানো হয়।

তবে সিদ্ধিরগঞ্জ থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (সাবিক) সরাফত উল্লাহ জানান, বিচার শেষে লোকজনের ওপর হামলার ঘটনা ঘটেছে। তবে কোনো ককটেল বিস্ফোরণের ঘটনা ঘটেনি। এ ঘটনায় মামলা দায়ের করা হয়েছে।